

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৩৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৪. যে ব্যক্তি ভালো কিংবা মন্দ রীতি চালু করে

بَابِ مَنْ سَنَّ سُنَّةً حَسَنَةً أَوْ سَيِّئَةً

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَاصِمٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَاصِمٍ عَنْ الشَّعْبِيِّ أَنَّ ابْنَ مَسْعُودِ قَالَ أَرْبَعٌ يُعْطَاهَا الرَّجُلُ بَعْدَ مَوْتِهِ ثُلُثُ مَالِهِ إِذَا كَانَ فِيهِ قَبْلَ ذَلِكَ لِلَّهِ مُطِيعًا وَالْوَلَدُ قَالَ أَرْبَعٌ يُعْطَاهَا الرَّجُلُ بَعْدِ مَوْتِهِ وَالسُّنَّةُ الْحَسَنَةُ يَسُنُها الرَّجُلُ فَيُعْمَلُ بِهَا بَعْدَ مَوْتِهِ وَالسَّادَةُ إِذَا شَفَعُوا لِلرَّجُلِ شُفِعُوا فِيهِ إلَيْ عَلَى عبد الله ولكن مثله لا يقال بالرأي

বাংলা

৫৩৪. শা'বী হতে বর্ণিত, ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: চারটি জিনিস (এর বিনিময়) মানুষ তার মৃত্যুর পরও পেতে থাকবে। তার এক তৃতীয়াংশ সম্পদ (এর সাওয়াব), যদি সে তা মৃত্যুর আগে আল্লাহর উদ্দেশ্যে দান করে থাকে। নেককার সন্তান যে তার মৃত্যুর পর তার জন্য দু'আ করতে থাকবে। কোনো উত্তম রীতি যা মানুষ প্রচলন করে থাকে আর লোকেরা তার মৃত্যুর পরেও তার উপর আমল করতে থাকে। আর যদি তার জন্য সুপারিশকারী লোকের সংখ্যা একশত জন হয়, তবে তার ব্যাপারে সুপারিশ কবুল করা হয়।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: এ সনদে অন্য কোথাও আমি পাইনি। তবে এর অনেক শাহিদ (সমর্থক) হাদীস রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন